

Times Today BD

তৌহিদুল ইসলাম | চট্টগ্রাম | 03 April, 2025

কক্সবাজারের টেকনাফের শাহপরীর দ্বীপ মাঝেরপাড়া সমুদ্র সৈকত সংলগ্ন হ্যাচারিতে জন্ম নেওয়া আরও ৪৮৬টি কাছিমছানা অবমুক্ত করা হয়েছে। তবে এবার সাগরে না নাফনদীতে অবমুক্ত করা হয় এসব ছানা।

বৃহস্পতিবার বিকেল সাড়ে চারটার দিকে টেকনাফ উপজেলার সাবরাং ইউনিয়নের শাহপরীর দ্বীপ বাজারপাড়ার জেটিঘাট এলাকার নাফনদীতে ছাড়া হয়েছে এসব কাছিম ছানাগুলো।

এ তথ্যটি নিশ্চিত করেছেন নেচার কনজারভেশন ম্যানেজমেন্ট (নেকম)-এর প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা ও জলবায়ু পরিবর্তন ম্যানেজার আবদুল কাইয়ুম।

তিনি বলেন, টেকনাফের শাহপরীর দ্বীপ মাঝেরপাড়া সমুদ্রসৈকত সংলগ্ন এলাকা থেকে এবার কাছিমের ৮ হাজার ৫০০ ডিম সংগ্রহ করা হয়। এসব ডিম থেকে জন্ম নেওয়া তিন হাজারের বেশি কাছিমছানা এরইমধ্যে কয়েক ধাপে সাগর-নাফনদীতে অবমুক্ত করা হয়েছে। বৃহস্পতিবার ৪৮৬টি কাছিমছানা এবার নাফনদীতে অবমুক্ত করা হয়েছে। এর আগে মঙ্গলবার বিকেলে টেকনাফের সাবরাং ইউনিয়নের শাহপরীর দ্বীপ মাঝেরপাড়া সমুদ্র সৈকতে আরও ১১১টি কাছিমছানা সাগরে লোনাজলে অবমুক্ত করা হয়েছিল।

নাফনদী কাছিম অবমুক্ত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 25 April, 2025 04:22

URL: <https://timestodaybd.com/chittagong/265775807>